ফেনীর পুলিশ সুপারের গাড়ি উল্টে দেহরক্ষী নিহত, এসপিসহ আহত ৩

ফেনী জেলা পুলিশ সুপার মো. নুরুন্নবীর গাড়ি উল্টে তার দেহরক্ষী কনেস্টেবল আজহার নিহত হয়েছেন। এসময় পুলিশ সুপার ও অতিরিক্ত পুলিশ সুপারসহ আহত হয়েছেন আরো তিনজন। শুক্রবার রাত ৯টার দিকে মহাসড়কের লেমুয়া এলাকার কসকায় এ দুর্ঘটনাটি ঘটে।

পুলিশ জানায়, সদর উপজেলার বগদাদীয়া পুলিশ ফাঁড়ি পরিদর্শন শেষে শহরে ফেরার পথে কসকা এলাকায় পুলিশ সুপারের গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে রাস্তার পাশে পরে যায়। এতে ঘটনাস্থলে পুলিশ সুপারের দেহরক্ষী আজাহার নিহত হয়।

এসময় আহত হয় পুলিশ সুপার নুরুন্নবী ও অতিরিক্ত পুলিশ সুপার কাজী মনিরুজ্জামানসহ গাড়ি চালক মং সাই চাকমা। পরে হাইওয়ে পুলিশ তাদের উদ্ধার করে শহরের জেড ইউ মডেল হাসপাতাল নামে একটি বেসরকারি ক্লিনিকে ভর্তি করে।

বর্তমানে তারা হাসপাতালটিতে চিকিৎসাধীন রয়েছে। নিহত দেহরক্ষী পুলিশ সদস্য আজহারের লাশ ময়নাতদন্তের জন্য ফেনী ২৫০ শর্য্যা জেনারেল হাসপাতালের মর্গে প্রেরণ করে পুলিশ।